

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়  
ত্রিশাল, ময়মনসিংহ  
doict.trishal.mymensingh.gov.bd

২৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৩ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৬.০৪.৬১৯৪.০০০.১৮.০০২.২৩.১২

বিষয়: আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৪ এর প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম সম্পন্নকরণ।

সূত্র: BIID/INO.1/24; ০৬ মার্চ ২০২৪ এবং ৫৬.০৪.০০০০.০০১.৩১.০৩৭.২০.১২৫; ০৭ মার্চ ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সাথে গত ১৫ নভেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ ইন্সটিটিউট অফ আইসিটি ইন ডেভেলপমেন্ট (BIID) সাথে সমঝোতা স্বাক্ষরিত হয়েছে। সেই অনুযায়ী স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল পদ্ধতিতে বিভিন্ন প্রতিযোগিতা ও কার্যক্রম করার ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং BIID একে অপরকে সহযোগিতা করছে। এরই ধারাবাহিকতায়, সারাদেশে কিশোর কিশোরীদের পুষ্টি সচেতনতা বৃদ্ধি এবং পুষ্টি কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের কিশোর-কিশোরীদের আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৪ এর প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগ্রহী শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সহযোগিতা প্রয়োজন।

০২। আগামী ১৭/১৮ এপ্রিল ২০২৪ তারিখে BIID কর্তৃক আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৪ ঢাকায় আয়োজন করা হবে। সেখানে চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রত্যেকটি শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে তাদের প্রতিষ্ঠানের শিক্ষার্থীদেরকে শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহার করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

রেজিস্ট্রেশন লিংক: <https://forms.gle/7vM4Ckn6spmRz7DLA>

ওয়েবসাইট : <http://nutritionolympiad.net>

০৩। এমতাবস্থায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের আন্তর্জাতিক এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করার বিষয়ে ল্যাব সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ করা হল।

১৩-০৩-২০২৪

মাহমুদা আখতার

সহকারী প্রোগ্রামার

শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান প্রধান (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।।

স্মারক নম্বর: ৫৬.০৪.৬১৯৪.০০০.১৮.০০২.২৩.১২/১ (৫)

২৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৩ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ;

৩। প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ;

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ এবং

৫। অফিস কপি ॥



A handwritten signature in blue ink, appearing to read 'Zmab'.

১৩-০৩-২০২৪

মাহমুদা আখতার  
সহকারী প্রোগ্রামার